

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ৩০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ পৌষ ১৪২৮/২০ ডিসেম্বর ২০২১

নং ১২.০০.০০০০.০৯৭.০২.০০৩.২১.৯০৫—‘বীজ আইন, ২০১৮’ এর ধারা ৩(২) মোতাবেক
নিম্নোক্ত কর্মকর্তা/ব্যক্তির সমন্বয়ে জাতীয় বীজ বোর্ড গঠন করা হল।

ক্রম	সদস্য	পদবি
১	সচিব, কৃষি মন্ত্রণালয়	চেয়ারম্যান
২	চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	সদস্য
৩	নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল	সদস্য
৪	মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৫	যুগ্মসচিব (প্রবিধি-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়; অর্থ বিভাগের প্রতিনিধি	সদস্য
৬	সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	সদস্য
৭	মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট	সদস্য
৮	মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	সদস্য

(৩৩৪৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	সদস্য	পদবি
৯	মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট	সদস্য
১০	মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট	সদস্য
১১	মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট	সদস্য
১২	মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	সদস্য
১৩	মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট	সদস্য
১৪	নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড	সদস্য
১৫	পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি	সদস্য
১৬	পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
১৭	প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়; প্রতিনিধি	সদস্য
১৮	জনাব মুহাঃ আজহারুল ইসলাম, প্রাক্তন সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন; বীজ বিশেষজ্ঞ	সদস্য
১৯	কৃষিবিদ জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রিম সীড কোম্পানী; বীজ কোম্পানির প্রতিনিধি	সদস্য
২০	জনাব মোঃ সানোয়ার হোসেন, পিতা: মোঃ জামাল হোসেন গ্রাম: ও ইউনিয়ন: মহিশমারা, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল; কৃষক প্রতিনিধি-১	সদস্য
২১	জনাব মোঃ বিল্লাল হোসেন, পিতা: মোঃ আবুবকর হোসেন গ্রাম: দক্ষিণ লক্ষীপুর, ব্লক: বাঘারপাড়া পৌরসভা, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর; কৃষক প্রতিনিধি-২	সদস্য
২২	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি; প্রতিনিধি	সদস্য
২৩	সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি; প্রতিনিধি	সদস্য
২৪	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন; প্রতিনিধি	সদস্য
২৫	মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়	সচিব

২। 'বীজ আইন, ২০১৮' এর ধারা-৩ এর উপধারা (৪) অনুযায়ী ক্রমিক নং ১৭-২৪ এ বর্ণিত ৮ (আট) জন প্রতিনিধি জাতীয় বীজ বোর্ডের মনোনীত সদস্য। উল্লিখিত মনোনীত সদস্যগণের সদস্যপদ—

- (ক) প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর মেয়াদে বহাল থাকবে;
- (খ) মেয়াদ শেষ হবার পূর্বে সরকার প্রয়োজনবোধে, যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কোনো মনোনীত সদস্যের মনোনয়ন বাতিল করতে পারবে।
- (গ) মনোনীত সদস্যগণ যে কোনো সময় চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সদস্য পদ ত্যাগ করতে পারবেন;

৩। কোনো মনোনীত সদস্যের সদস্য পদ অবসান হবে, যদি তিনি—

- (ক) চেয়ারম্যানের অনুমতি ব্যতীত একাদিক্রমে বোর্ডের ৩ (তিন)টি সভায় অনুপস্থিত থাকেন;
- (খ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হন;
- (গ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন বা উক্ত দায় হতে অব্যাহতি লাভ না করে থাকেন; বা
- (ঘ) নৈতিক স্বলনজনিত কোন ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন।

৪। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মো: আকতার হোসেন খান
প্রধান বীজতত্ত্ববিদ
বীজ অধিশাখা।